গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসান মারুফ<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| তারিখ ও সময় | : | ১৭ জুন ২০২৫, বিকাল ৩ টা |
| সভার স্থান | : | জুম অনলাইন প্লাটফর্ম |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত ও সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, আজকের সভার মূল উপজীব্য বিষয় হলো ২৬ জুন যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন। তিনি স্থানীয় প্রশাসন, যুব সমাজ, ধর্মীয় নেতৃবৃন্দ (মুসলিম/হিন্দু/বৌদ্ধ/খ্রিস্টান), স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, এনজিও প্রতিনিধি, বাংলাদেশস্থ বিভিন্ন বিদেশি সহায়তা সংস্থার প্রতিনিধিবৃন্দ, সাংবাদিকসহ সমাজের সকল শ্রেণি পেশার মানুষের সম্পৃক্ততায় দিবসটি উদযাপনের প্রতি গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন, ঢাকায় কেন্দ্রীয়ভাবে দিবসটি উদযাপন করা হবে এবং বিভাগীয় ও জেলা পর্যায়ে স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি আয়োজন করতে হবে। তারুণ্যের উৎসব-২০২৫ এর "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" প্রতিপাদ্যকে সামনে রেখে অবৈধ মাদকবিরোধী প্রচারণা কার্যক্রম পরিচালনা ও জোরদার করতে হবে।

২। সভাপতি বলেন, ২৬ জুন উপলক্ষ্যে কক্সবাজার জেলায় বৃহৎ পরিসরে অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়ের উপপরিচালক জনাব হুমায়ুন কবির খন্দকার ও কক্সবাজার জেলার সহকারী পরিচালক জনাব মোঃ সিরাজুল মোস্তফা কক্সবাজার জেলার প্রোগ্রাম বাস্তবায়ন করবেন। উক্ত অনুষ্ঠানে কক্সবাজার জেলার সকল সরকারী দপ্তর/ধর্মীয় নেতৃবৃন্দ (মুসলিম/হিন্দু/বৌদ্ধ/খ্রিস্টান), স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, এনজিও প্রতিনিধি, বাংলাদেশস্থ বিভিন্ন বিদেশি সহায়তা সংস্থার প্রতিনিধিবৃন্দ, সাংবাদিকসহ সকল শ্রেণি পেশার মানুষের দৃশ্যমান উপস্থিতির মাধ্যমে দিবসটি উদযাপন করতে হবে।

৩। সভাপতি সভায় সংযুক্ত বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণকে "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" উদযাপনের বিষয়ে প্রস্তুতি ও অগ্রগতি সম্পর্কে জানতে চান। তৎপ্রেক্ষিতে সভায় উপস্থিত ও সংযুক্ত কর্মকর্তাগণ তাদের প্রস্তুতি ও অগ্রগতি নিম্নরূপভাবে অবহিত করেন:

**ক)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল বলেন, "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" উদযাপন উপলক্ষ্যে UNODC কর্তৃক নির্ধারিত থিমটি (The evidence is clear: invest in prevention. Break the cycle. #Stoporganizedcrime) ব্যবহার করে ফোল্ডার প্রস্তুত করা হয়েছে। এক্ষেত্রে UNODC কর্তৃক নির্ধারিত থিমের পাশাপাশি তারুণ্যের উৎসব-২০২৫ এর প্রতিপাদ্য "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" সংযুক্ত করা যাবে কিনা-জানতে চাইলে সভাপতি সম্মতি জ্ঞাপন করেন।

**খ)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম বলেন, চট্টগ্রাম বিভাগের সকল জেলায় স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের সকল প্রস্তুতি নেয়া হয়েছে। এ বিভাগের খাগড়াছড়ি ও বান্দরবান জেলায় অধিদপ্তরের কোন কর্মকর্তা পদায়ন নেই। এ দিবসটি উদযাপনকালীন সময়ে প্রধান কার্যালয় হতে কোন কর্মকর্তাকে পদায়নের উদ্যোগ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

**গ)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ বলেন (অতিরিক্ত দায়িত্ব: সিলেট বিভাগ), ময়মনসিংহ বিভাগের ৪টি জেলায় এবং সিলেট বিভাগের ৪টি জেলায় স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের সকল প্রস্তুতি নেয়া হয়েছে। ময়মনসিংহ বিভাগের শেরপুর জেলায় কোন কর্মকর্তা পদায়ন নেই। এ জেলায় ময়মনসিংহ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের সহকারী পরিচালককে দিবসটি উদযাপনকালীন সময়ে পদায়নের উদ্যোগ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

**ঘ)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, রংপুর বলেন, রংপুর বিভাগের ৮টি জেলাতেই স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি সুচারুরূপে উদযাপনের সকল প্রস্তুতি নেয়া হয়েছে। এ বিভাগের লালমনিরহাট জেলায় কোন কর্মকর্তা পদায়ন নেই। রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক মিজ দিলারা রহমানকে দিবসটি উদযাপনকালীন সময়ে পদায়নের উদ্যোগ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

**ঙ)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বলেন, রাজশাহী বিভাগের সবকটি জেলাতেই স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

**চ)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, খুলনা বলেন, খুলনা বিভাগের সকল জেলাতেই স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ বিভাগের মেহেরপুর জেলায় কোন কর্মকর্তা পদায়ন নেই। দিবসটি উদযাপনকালীন সময়ে বিকল্প কর্মকর্তা পদায়নের উদ্যোগ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

**ছ)** অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা বলেন, ঢাকায় কেন্দ্রীয়ভাবে দিবসটি যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তাছাড়া অন্য ১৩টি জেলায়ও স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে এবং সকল কর্মকর্তাকে কর্মস্থলে অবস্থান করে দিবসটি উদযাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, সকল কর্মকর্তাকেই কর্মস্থলে অবস্থান করতে হবে। বিষয়টি কঠোরভাবে মনিটর করা হচ্ছে।

**জ)** সভাপতি বলেন, ২৬ জুন "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" শতভাগ উৎসাহ, উদ্দীপনা ও আন্তরিকতার সাথে উদযাপন করতে হবে এবং নিজ দপ্তর সম্পর্কে পজিটিভ জনসম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে। তিনি পবিত্র ঈদ উল আজহায় যারা মাঠে থেকে মাদকবিরোধী অভিযান পরিচালনায় নিয়োজিত ছিলেন তাদের সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম:</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১.</td><td>"২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন নিশ্চিত করার লক্ষ্যে কক্সবাজার জেলায় বৃহৎ পরিসরে অনুষ্ঠান আয়োজন করতে হবে। চট্টগ্রাম চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়ের উপপরিচালক জনাব হুমায়ুন কবির খন্দকার ও কক্সবাজার জেলার সহকারী পরিচালক জনাব মোঃ সিরাজুল মোস্তফা কক্সবাজার জেলার প্রোগ্রাম বাস্তবায়ন করবেন। অতিরিক্ত পরিচালক, চট্টগ্রাম এ বিষয়ে সার্বিক তদারকী করবেন।</td><td>অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/ উপপরিচালক, চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়/ সহকারী পরিচালক, কক্সবাজার</td></tr>
<tr><td>২.</td><td>চট্টগ্রাম বিভাগের বান্দরবান, খাগড়াছড়ি, ময়মনসিংহ বিভাগের শেরপুর, রংপুর বিভাগের লালমনিরহাট, খুলনা বিভাগের মেহেরপুর এবং বরিশাল বিভাগের ঝালকাঠি ও ভোলা জেলায় দিবসটি উদযাপনকালীন সময়ের জন্য কর্মকর্তা পদায়ন করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)</td></tr>
<tr><td>৩.</td><td>২৬ জুন "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" ঢাকায় কেন্দ্রীয়ভাবে উদযাপন উপলক্ষ্যে সভায় উপস্থাপনের নিমিত্ত নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে পরিচালক (অপারেশন্স) বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে:<br><br>
(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ০১ জুলাই, ২০২৪ থেকে ৩০ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত জেলা ও বিভাগভিত্তিক পরিচালিত মাদকবিরোধী অভিযান, দায়েরকৃত মামলা, গ্রেফতারকৃত আসামী ও জব্দকৃত আলামতের পরিসংখ্যান নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ০৫ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে করতে হবে।
<table>
<tr><th rowspan="2">ক্র:</th><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">জেলা/মেট্রো:/ বিশেষ জোন কার্যালয়ের নাম</th><th rowspan="2">পরিচালিত অভিযান</th><th rowspan="2">দায়েরকৃত মামলার সংখ্যা</th><th colspan="3">আসামীর সংখ্যা</th><th rowspan="2">জব্দকৃত আলামতের পরিমাণ</th></tr>
<tr><th>গ্রেফতার</th><th>পলাতক</th><th>মোট</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ০১ জুলাই, ২০২৪ থেকে ২০ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত জেলা ও বিভাগভিত্তিক পরিচালিত মাদকবিরোধী অভিযান, দায়েরকৃত মামলা, গ্রেফতারকৃত আসামী ও জব্দকৃত আলামতের পরিসংখ্যান নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ২১ জুন, ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
<table>
<tr><th rowspan="2">ক্র:</th><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">জেলা/মেট্রো:/ বিশেষ জোন কার্যালয়ের নাম</th><th rowspan="2">পরিচালিত অভিযান</th><th rowspan="2">দায়েরকৃত মামলার সংখ্যা</th><th colspan="3">আসামীর সংখ্যা</th><th rowspan="2">জব্দকৃত আলামতের পরিমাণ</th></tr>
<tr><th>গ্রেফতার</th><th>পলাতক</th><th>মোট</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ০১ মার্চ, ২০২৫ থেকে ২০ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত জেলা ও বিভাগভিত্তিক পরিচালিত মাদকবিরোধী অভিযান, দায়েরকৃত মামলা, গ্রেফতারকৃত আসামী ও জব্দকৃত আলামতের পরিসংখ্যান নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ২১ জুন, ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
<table>
<tr><th rowspan="2">ক্র:</th><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">জেলা/মেট্রো:/ বিশেষ জোন কার্যালয়ের নাম</th><th rowspan="2">পরিচালিত অভিযান</th><th rowspan="2">দায়েরকৃত মামলার সংখ্যা</th><th colspan="3">আসামীর সংখ্যা</th><th rowspan="2">জব্দকৃত আলামতের পরিমাণ</th></tr>
<tr><th>গ্রেফতার</th><th>পলাতক</th><th>মোট</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
</table>

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৬/২০২৫
(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০৬.০০১.২১-২৩১৭ তারিখ: ১৯ জুন, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্মসচিব (মাদক অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ]
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর; অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬. উপপরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৭. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৮. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯. সহকারী পরিচালক (কমন সার্ভিস/চিকিৎসা ও পুনর্বাসন/প্রশাসন/জনসংযোগ/অপারেশন্স/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/গবেষণা ও প্রকাশনা/অর্থ ও হিসাব)/আইন কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১০. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২. অফিস কপি

৩০/০৬/২৫

(মোঃ আবু জাফর)
সহকারী পরিচালক (প্রশাসন)